# বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া ইন্‌ক
**The Bangladesh Awami League,Australia (Inc.)**

## ভাষা সৈনিক গাজীউল হকের মৃত্যুতে
## আমরা গভীরভাবে শোকাহত

ভাষা সৈনিক, বীর মুক্তিযোদ্ধা, বুদ্ধিজীবী, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য এডভোকেট গাজীউল হক দীর্ঘদিন ধরে জটিল রোগভোগের গত ১৭ জুন, বুধবার ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে---- রাজেউন)।

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া'র পক্ষ থেকে মহান ভাষা আন্দোলনের অন্যতম প্রধান নেতা, এ দেশের গণতান্ত্রিক আন্দোলনের অন্যতম পুরোধা ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এডভোকেট গাজীউল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করা হয়। এক শোক বিবৃতিতে আওয়ামীলীগ নেতৃবৃন্দ বলেন, ভাষা আন্দোলনে মরহুম গাজীউল হকের অবদান জাতি চিরদিন কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে। তাঁর দেশপ্রেম ও প্রগতিশীল চিন্তা যুগে যুগে বাংলাদেশের আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে। নেতৃবৃন্দ মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

বিবৃতিতে স্বাক্ষরকারীরা হলেন বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সিনিয়র সহ-সভাপতি বীরমুক্তিযোদ্ধা রবিন বনিক, সাধারন সম্পাদক ব্যারিস্টার সিরাজুল হক, প্রবীন আওয়ামী লীগ নেতা গামা আব্দুল কাদির, সহ-সভাপতি গাউসুল আলম শাহজাদা,সাংগাঠনিক সম্পাদক গিয়াস উদ্দিন মোল্লা,জয়েন্ট সেক্রেটারী পি এস চুন্নু, ইফতেখার উদ্দিন ইফতু, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার আহবায়িকা বিলকিস জাহান, আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার কার্যনির্বাহী সদস্য জনাব ইমদাদুল হক বকুল, জহিরুল হক মহসিন, লিয়াকত আলী লিটন, সাদেকুর রহমান ও মনসুরুর রহমান প্রমুখ।

বিনীত-

**গিয়াস উদ্দিন মোল্লা**
সাংগাঠনিক সম্পাদক
বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া
e-mail: mollahg@yahoo.com
Mobile: 61-402 851 542